

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪২১ বাংলা
১৯ আগস্ট ২০১৪ ইংরেজী

প্রধান নিবাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সংরক্ষিত তহবিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত বিধির উপবিধি (১) অনুযায়ী প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান তার মোট উদ্বৃত্তের শতকরা ১০ ভাগ অর্থ দ্বারা একটি সংরক্ষিত তহবিল গঠন করার এবং উপবিধি (৩) অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের তত্ত্বাবধানে নির্দিষ্টকৃত তফসিলভুক্ত ব্যাংক হিসাবে উক্ত সংরক্ষিত তহবিলের অর্থ জমা রাখার বাধ্যবাধকতা রয়েছে।

কিন্তু সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, উল্লিখিত সংরক্ষিত তহবিল গঠন ও সংরক্ষণের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও কোন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উক্ত বিধান যথাযথভাবে পরিপালন করছে না। কাজেই যেসকল প্রতিষ্ঠান এখনও বর্ণিত বিধির নির্দেশনানুযায়ী সংরক্ষিত তহবিল গঠন করেনি বা আংশিকভাবে গঠন করেছে তাদেরকে আগামী ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের মোট উদ্বৃত্তের শতকরা ১০ ভাগ অর্থ দ্বারা সংরক্ষিত তহবিল গঠন ও প্রধান কার্যালয়ের তত্ত্বাবধানে তফসিলভুক্ত ব্যাংক হিসাবে উক্ত অর্থ সংরক্ষণের পরামর্শ দেয়া হলো।

উল্লেখ্য, যেসকল প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে সংরক্ষিত তহবিল গঠনে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,




(মনোজ কুমার বিশ্বাস)
পরিচালক
ফোনঃ-৮৩৩৩৬৩৬।

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৪- ৪৩৮(৭৭০)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।


(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৮৩১৫৭৯৯।